



# Sylhet Agricultural University

Sylhet-3100, Bangladesh

## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

সিলেট-৩১০০, বাংলাদেশ।

তারিখ : ০২/০৬/২০২০

### জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত কোভিড-১৯ রোগের প্রাদুর্ভাব প্রতিরোধ এবং করোনা পরিস্থিতির সার্বিক উন্নয়নের লক্ষ্যে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গত ২৮/০৫/২০২০ তারিখে জারিকৃত জরুরি বিজ্ঞপ্তি অনুযায়ী আগামী ১৫ জুন ২০২০ পর্যন্ত এ বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা ও অফিস বন্ধ রয়েছে। জরুরি প্রয়োজনে যেকোন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি দাপ্তরিক দায়িত্ব পালন করবেন, কিন্তু বহিরাগত কেউ ক্যাম্পাসে প্রবেশ ও অবস্থান করতে পারবেন না। এছাড়া, কর্তৃপক্ষের নির্দেশক্রমে পূর্ব থেকেই বিশ্ববিদ্যালয়ের সবগুলো গেট বন্ধসহ সকল প্রকার যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ রয়েছে। নিরাপত্তা শাখা থেকে সময়ে সময়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার কারণে ক্যাম্পাসে বহিরাগতদের যাতায়াত ও বাধাহীনভাবে ঘোরাঘুরি করার প্রবণতা শূন্যের কোটায় নেমে এসেছে বলে প্রতীয়মান হচ্ছে। আমাদের সম্মানিত শিক্ষকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ ও কর্মচারিগণ কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়নে নিরাপত্তা শাখার কার্যক্রমকে বিশেষভাবে সহযোগিতা করে আসছেন। এজন্য আমি সিকুবি'র নিরাপত্তা শাখার পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ক্যাম্পাসে যানবাহন চলাচল পুনরায় শুরু হওয়া বিষয়ে কর্তৃপক্ষের নতুন কোন নির্দেশনা আসেনি। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কয়েকজন সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারি মটর সাইকেল অথবা প্রাইভেট গাড়ি যোগে ক্যাম্পাসের গেট দিয়ে প্রবেশ/বাহির হচ্ছেন অথবা গাড়ি পার্কিং করে দাপ্তরিক কাজ করছেন। এ বিষয়ে গাড়ি বাহক নিজে ফোন করে অনুরোধ করছেন অথবা কোন কোন সময় নিরাপত্তা প্রহরী দিয়ে ফোন করাচ্ছেন। এ ধরনের অনুরোধ করার কারণে নিরাপত্তার কাজে বিব্রতকর অবস্থার সৃষ্টি হচ্ছে। তাই এ ধরনের অনুরোধ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে সবিনয়ে অনুরোধ করছি।

প্রফেসর ড. মোঃ আব্দুল মালেক  
চেয়ারম্যান, নিরাপত্তা কমিটি  
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়  
সিলেট-৩১০০।

প্রয়োজনীয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ :

- ১। কৃষিবিদ কামরুল ইসলাম, নিরাপত্তা কর্মকর্তা (অ. দা.), সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
- ২। প্রকৌশলী হিমাংশু শেখর পাল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেল, সিকুবি (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৩। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস নথি।